**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# বৈদ্যুতিক যানবাহনের চার্জিং অবকাঠামোর জন্য মিউনিসিপ্যালিটিগুলোকে 8.3 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ দেওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***এসব অনুদান স্টেটব্যাপী 70টি কমিউনিটিতে প্রায় 250টি নতুন পাবলিক চার্জিং স্টেশন স্থাপন করতে সহায়তা করবে***

***নিউ ইয়র্ক স্টেট আগামী পাঁচ বছরে এজেন্সির বহরের জন্য 1,300টিরও বেশি চার্জিং স্টেশন নির্মাণ করবে***

***এসব পরিকল্পনা বৈদ্যুতিক যানবাহনের চার্জিং অবকাঠামো এবং নির্গমন কমিয়ে আনার উদ্যোগগুলোতে স্টেটের চলমান বিনিয়োগের সঙ্গে যোগ হচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে জনসাধারণের ব্যবহারের জন্য বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশন স্থাপন করতে 70টি মিউনিসিপ্যালিটিকে 8.3 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করা হচ্ছে। নিউ ইয়র্কে পরিবহন খাত হচ্ছে গ্রিনহাউজ গ্যাস নির্গমনের দ্বিতীয় বৃহত্তম উৎস, এবং এসব বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশন জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের অধীনে উচ্চাকাঙ্ক্ষী গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনার আবশ্যিকতাসমূহ অর্জন করতে স্টেটকে সাহায্য করবে। নিউ ইয়র্ক ইন্টারন্যাশনাল অটো শো-তে প্রদান করা আজকের এই ঘোষণার মধ্যে স্টেটের একটি শূন্য-নির্গমনসম্পন্ন বহরের দিকে পূর্ণাঙ্গ উত্তরণে সহায়তা করার জন্য 1,300টিরও বেশি চার্জিং স্টেশন নির্মাণ করার জন্য একটি EV অবকাঠামো পরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে।

"নিউ ইয়র্ক আমাদের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডার অংশ হিসেবে, স্টেটব্যাপী জীবাশ্ম জ্বালানি থেকে আমাদের উত্তরণকে এগিয়ে নেওয়া এবং যানবাহনের ক্ষতিকর নির্গমন কমিয়ে আনার ক্ষেত্রে অসাধারণ অগ্রগতি অর্জন করেছে," **বলেছেন গভর্নর হোকল।** "মিউনিসিপ্যাল শূন্য-নির্গমন যানবাহন অবকাঠামো (Municipal Zero-Emission Vehicle) কর্মসূচির অনুদানের মতো উদ্যোগগুলোর কল্যাণে, নিউ ইয়র্ক স্টেটজুড়ে কমিউনিটিগুলো পরিবেশের সুরক্ষার জন্য এবং জলবায়ু সংকট মোকাবেলার জন্য সাহসী পদক্ষেপ গ্রহণ করছে। নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও জীবনযাপনের মান উন্নত করতে এবং একটি নিরাপদ ও টেকসই ভবিষ্যত নিশ্চিত করতে আমরা নির্মল জ্বালানি খাতে বিনিয়োগ অব্যাহত রাখবো।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) মিউনিসিপ্যাল শূন্য-নির্গমন যানবাহন (ZEV) অবকাঠামো অনুদান কর্মসূচির 2022 সালের রাউন্ড নিউ ইয়র্ক স্টেটজুড়ে 454টি লেভেল 2 চার্জিং পোর্ট এবং 28টি ডিরেক্ট কারেন্ট ফাস্ট চার্জার (DCFC) স্থাপন করার কাজে সহায়তার জন্য 70টি মিউনিসিপ্যালিটিকে মোট 8.38 মিলিয়ন ডলারের 131টি অনুদান প্রদান করছে, যা 2016 সালে কর্মসূচিটি শুরু হওয়ার পর থেকে সর্বোচ্চ পরিমাণের অনুদান। অনুদান তহবিলের 42 শতাংশেরও বেশি সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে অবস্থিত প্রকল্পগুলোকে প্রদান করা হয়েছে। ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপ (Climate Justice Working Group) সম্প্রতি সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর জন্য শর্তসমূহ চূড়ান্ত করেছে যা নির্মল জ্বালানি ও জ্বালানি দক্ষতা কর্মসূচিগুলোর জন্য ব্যয় হওয়া অর্থের সামগ্রিক সুবিধার মধ্যে কমপক্ষে 40 শতাংশ প্রদানের লক্ষ্য নিয়ে, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে 35 শতাংশ প্রদান করার বিষয়টি নিশ্চিত করবে - যা জলবায়ু আইনের জলবায়ু ন্যায়বিচারকে অগ্রাধিকার দেওয়ার কয়েকটি উপায়ের মধ্যে অন্যতম।

**পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন,** "নির্মল জ্বালানি খাতে বিনিয়োগ করা, গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনা, এবং টেকসই অবকাঠামো গড়ে তোলার জন্য স্টেটজুড়ে কমিউনিটিগুলো এবং স্থানীয় নেতৃবৃন্দের সঙ্গে কাজ করতে পেরে DEC গর্বিত। এই তহবিল নির্মন কমিয়ে আনা এবং নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তা উন্নত করার জন্য আমাদের শূন্য-নির্গমন সম্পন্ন যানবাহনের দিকে সরে আসার এই সময়ে নিউ ইয়র্কের বিদ্যুতিক যানবাহনের চার্জিং নেটওয়ার্ক সম্প্রসারণ করা অব্যাহত রাখবে। স্টেটের জলবায়ু নেতৃত্ব শক্তিশালী করার জন্য স্থানীয় পর্যায়ে পদক্ষেপ গ্রহণের মাধ্যমে জলবায়ু সংকট মোকাবেলায় কাজ করার জন্য DEC এসব কমিউনিটির প্রশংসা করছে।"

**অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services, OGS)-এর কমিশনার জেনেট ময় বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেটের সংস্থাগুলোর জন্য EV চার্জিং স্টেশন স্থাপন করার জন্য স্টেটের প্রচেষ্টায় নেতৃত্ব দিতে পেরে OGS গর্বিত। 2035 সালের মধ্যে স্টেটের লাইট-ডিউটি বহরকে 100 শতাংশ শূন্য-নির্গমন সম্পন্ন যানবাহনে রূপান্তর করার জন্য গভর্নরের লক্ষ্য পূরণ করতে OGS সরকারি ও বেসরকারি খাতের আমাদের অংশীদারদের সঙ্গে কাজ করে যাচ্ছে।"

**নিউ ইউর্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "EV-এর প্রচলনকে টিপিং পয়েন্টের দিকে নিয়ে যাওয়ার জন্য বিস্তৃত পরিসরে সহযোগিতা এবং ভোক্তাদের শিক্ষিত করার প্রয়োজন হবে, এবং নিউ ইয়র্ক স্টেটের সংস্থাগুলো ভোক্তা, ব্যবসা প্রতিষ্ঠান ও স্থানীয় সরকারগুলোর জন্য এটিকে সহজতর করতে একসঙ্গে কাজ করছে। নতুন চার্জিং স্টেশন স্থাপনের জন্য এসব বিনিয়োগ নিউ ইয়র্ককে একটি পূর্ণাঙ্গ বৈদ্যুতিক পরিবহন ব্যবস্থার দিকে আরো এক ধাপ এগিয়ে নিয়ে যাচ্ছে।"

ZEV অবকাঠামো অনুদানগুলো DEC মিউনিসিপ্যাল ZEV কর্মসূচির অধীনে নিউ ইয়র্ক জুড়ে সিটি, টাউন, ভিলেজ, ও কাউন্টিগুলোর জন্য লভ্য রয়েছে। এছাড়া এই কর্মসূচি শূন্য-নির্গমন সম্পন্ন বহরের যানবাহনের জন্য ছাড়ও প্রদান করছে। মিউনিসিপ্যাল শূন্য-নির্গমন সম্পন্ন

বছরের যানবাহনগুলোর জন্য 2022 সালের ছাড় [ডিসেম্বর মাসে ঘোষণা করা হয়েছে]। 2016 সালে চালু হওয়ার পর থেকে মিউনিসিপ্যাল ZEV কর্মসূচি 114টি প্লাগ-ইন হাইব্রিড গাড়ি, 182টি সর্ব-বৈদ্যুতিক গাড়ি, 1,076টি লেভেল 2 চার্জিং পোর্ট, 44টি ফাস্ট চার্জ পেডেস্ট্রাল, এবং তিনটি হাইড্রোজেন ফুয়েল সেল ফিলিং নজল ক্রয়ের জন্য 16 মিলিয়ন ডলারেরও বেশি রিবেট ও গ্র্যান্ট (এই রাউন্ড সহ) প্রদান করেছে।

**2022 সালের মিউনিসিপ্যাল শূন্য-নির্গমন যানবাহন অবকাঠামো অনুদান কর্মসূচির অনুদানগ্রহীতারা হচ্ছে:**

**ক্যাপিটাল রিজিয়ন**
আলবানি সিটি, 28টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 499,769.60 ডলার
আলবানি কাউন্টি, 14টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 65,970.80 ডলার
স্কেনেকটেডি সিটি, আটটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 54,800 ডলার
মেনান্ডস ভিলেজ, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 32,934 ডলার
ক্যাটস্কিল ভিলেজ, আটটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 26,605.95 ডলার

**সেন্ট্রাল নিউ ইয়র্ক**
ওনেইডা সিটি, আটটি লেভেল 2 চার্জিং পোর্ট এবং দুইটি DCFC পেডেস্টালের জন্য 450,711 ডলার
ডিউইট টাউন, 16টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 261,800 ডলার
সালিনা টাউন, একটি DCFC পেডেস্টালের জন্য 199,400 ডলার
ওনোনডেগা টাউন, 10টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 194,521.60 ডলার
অউবার্ন সিটি, ছয়টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 80,288 ডলার
বল্ডউইন্সভিল ভিলেজ, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 35,454.50 ডলার

**ফিঙ্গার লেকস**
মেডিনা ভিলেজ, দুইটি DCFC পেডেস্টালের জন্য 245,184 ডলার
ক্লাইড ভিলেজ, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 110,862.60 ডলার
চিলি টাউন, 20টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 89,463 ডলার
সেনেকা ফলস টাউন, 12টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 86,022 ডলার
আয়রনডেকুয়েট টাউন, 14টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 79,028.10 ডলার
ব্রাইটন টাউন, আটটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 63,570 ডলার
সোডাস পয়েন্ট ভিলেজ, 16টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 62,440 ডলার
সোডাস ভিলেজ, আটটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 44,950 ডলার
ওগডেন টাউন, আটটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 31,328 ডলার
ইস্ট ব্লুমফিল্ড টাউন, আটটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 29,071.20 ডলার
ক্যানানডাইগুয়া সিটি, ছয়টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 28,820 ডলার
লোডি টাউন, আটটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 27,908 ডলার
ম্যাসেডন টাউন, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 25,274.48 ডলার
রিচমন্ড টাউন, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 22,216.50 ডলার

ওয়াইওমিং কাউন্টি, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 20,800 ডলার
লিমা টাউন, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 13,720 ডলার
পিটসফোর্ড টাউন, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 12,502 ডলার
আলবিয়ন ভিলেজ, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 10,500.00 ডলার

**লং আইল্যান্ড**
অয়েস্টার বে টাউন, 22টি লেভেল 2 চার্জিং পোর্ট এবং একটি DCFC পেডেস্টালের জন্য 490,811.41 ডলার
স্মিথটাউন টাউন, দুইটি DCFC পেডেস্টালের জন্য 161,130 ডলার
হান্টিংটন টাউন, 16টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 123,264 ডলার
গ্লেন কোভ টাউন, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 47,774.10 ডলার
সি ক্লিফ ভিলেজ, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 42,114 ডলার

**মিড-হাডসন**
কিংসটন সিটি, দুইটি DCFC পেডেস্টালের জন্য 268,644.54 ডলার
মাউন্ট প্লিজেন্ট টাউন, চারটি DCFC পেডেস্টালের জন্য 250,000 ডলার
পোকেপসি সিটি, চারটি লেভেল 2 চার্জিং পোর্ট এবং দুইটি DCFC পেডেস্টালের জন্য 207,167.50 ডলার
ক্রোটন-অন-হাডসন ভিলেজ, 12টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 149,266.78 ডলার
আমেনিয়া টাউন, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 82,180.40 ডলার
প্লিজেন্টভিল ভিলেজ, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 43,644.01 ডলার
স্লিপি হলো ভিলেজ, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 38,100 ডলার
ইসোপাস ভিলেজ, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 35,260 ডলার
ব্রায়ারক্লিফ ম্যানর ভিলেজ, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 25,800 ডলার
কেন্ট টাউন, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 23,027.64 ডলার
ওয়াপিংগার ফলস ভিলেজ, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 9,790 ডলার
হোয়াইট প্লেইনস সিটি, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 9,387.15 ডলার

**মোহক ভ্যালি**
ওনিওন্টা সিটি, 26টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 299,546 ডলার
মন্টগোমারি কাউন্টি, 24টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 268,000 ডলার
নর্থভিল ভিলেজ, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 23,659 ডলার

**নর্থ কান্ট্রি**
ইন্ডিয়ানা লেক টাউন, দুইটি DCFC পেডেস্টালের জন্য 236,686.50 ডলার
ওয়াডিংটন ভিলেজ, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 117,375 ডলার
ক্লেটন টাউন, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 87,375 ডলার
জে টাউন, ছয়টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 53,292 ডলার
ক্যান্টন ভিলেজ, একটি DCFC পেডেস্টালের জন্য 50,061 ডলার
নিউকম্ব টাউন, ছয়টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 49,452.50 ডলার

চেস্টারফিল্ড টাউন, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 37,525.45 ডলার
টাপার লেক টাউন, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 17,200 ডলার
অজঅ্যাবল টাউন, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 14,675 ডলার

**সাউদার্ন টিয়ার**
চেমুং কাউন্টি, দুইটি DCFC পেডেস্টালের জন্য 500,000 ডলার
সিডনি ভিলেজ, দুইটি DCFC পেডেস্টালের জন্য 80,632.32 ডলার
ফ্লেইশম্যানস ভিলেজ, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 7,573.50 ডলার

**ওয়েস্টার্ন নিউ ইয়র্ক**
অলিন সিটি, 20টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 499,210 ডলার
অ্যামহার্স্ট টাউন, 14টি লেভেল 2 চার্জিং পোর্ট এবং একটি DCFC পেডেস্টালের জন্য 470,683.20 ডলার
সাউথ ডেটন ভিলেজ, একটি DCFC পেডেস্টালের জন্য 209,750 ডলার
ল্যানকাস্টার ভিলেজ, দুইটি লেভেল 2 চার্জিং পোর্ট এবং একটি DCFC পেডেস্টালের জন্য 137,200.00 ডলার
গ্র্যান্ড আইল্যান্ড টাউন, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 50,148 ডলার
হ্যামবার্গ ভিলেজ, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 49,100.80 ডলার
ওয়েস্ট সেনেকা টাউন, চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 31,475.70 ডলার
এডেন টাউন, দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 26,377.96 ডলার

DEC-এর মিউনিসিপ্যাল ZEV অবকাঠামো অনুদান কর্মসূচি সম্পর্কে এবং সেইসাথে মিউনিসিপ্যাল ZEV ছাড় সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে DEC-এর ওয়েবসাইটে এই ঠিকানায়: https://www.dec.ny.gov/energy/109181.html#ZEV

**নিউ ইয়র্ক স্টেটের বহরের সবুজায়ন**
নিউ ইয়র্ক স্টেটের অফিস অব জেনারেল সার্ভিসেস পাঁচ বছরের মধ্যে স্টেটের ফ্যাসিলিটিগুলোতে যানবাহনের বহরের চার্জিংয়ের জন্য নির্ধারিত 1,300টিরও বেশি চার্জিং স্টেশন নির্মাণ করার একটি প্রচেষ্টায় নেতৃত্ব দিচ্ছে, যা OGS সম্পত্তিতে 130টি স্টেশন স্থাপন করার মধ্য দিয়ে শুরু হচ্ছে। এসব চার্জার নেটওয়ার্কের অন্তর্ভুক্ত লেভেল 2 চার্জার এবং ফাস্ট চার্জারের একটি মিশ্রণ হবে। এছাড়াও OGS স্থিতিশীলতা ও স্থায়িত্ব (OGS Resiliency and Sustainability) এই লক্ষ্য পূরণের জন্য প্রয়োজনীয় অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর মাইলফলকগুলো শনাক্ত করার জন্য এবং একটি শূন্য-নির্গমন সম্পন্ন বহরের দিকে উত্তরণে সহায়তা করা এবং তা ত্বরান্বিত করার জন্য গুরুত্বপূর্ণ নীতিমালা ও কর্মপদ্ধতি সুপারিশ করার জন্য একটি নির্মল বহর পরিকল্পনা (Clean Fleet Plan) প্রণয়ন করতে নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) সঙ্গে অংশীদার হচ্ছে।

**EVolve NY ফাস্ট চার্জিং-এর অগ্রগতি**

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি ঘোষণা করেছে যে প্রধান ভ্রমণ করিডোরগুলো সংলগ্ন 32টি সাইটে এটির উচ্চ গতির EVolve NY নেটওয়ার্কে চার্জারের সংখ্যা 120টিরও বেশিতে উন্নীত হয়েছে। অন্যান্য স্টেট সংস্থার সঙ্গে কাজ করার মাধ্যমে, 2025 সালের মধ্যে স্টেটব্যাপী এই মোট সংখ্যা 400টিরও বেশিতে উন্নীত হবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যা EV ড্রাইভারদেরকে যাতে চার্জ ফুরিয়ে যাওয়া নিয়ে দুশ্চিন্তা করতে না হয় সে বিষয়টি নিশ্চিত করবে। ডিরেক্ট কারেন্ট ফাস্ট চার্জারগুলো যেকোনো মেক বা মডেলের EV-কে সর্বনিম্ন 20 মিনিট সময়ের মধ্যে ব্যাটারির ধারণক্ষমতার বেশিরভাগ অংশ পর্যন্ত চার্জ করতে পারে।

আজকের EV ঘোষণাগুলো বৈদ্যুতিক যানবাহনের দিকে উত্তরণকে ত্বরান্বিত করার জন্য নিউ ইয়র্ক সম্প্রতি অন্য যেসব পদক্ষেপ গ্রহণ করেছে সেগুলোর পরিপূরক হিসেবে কাজ করছে। ডিসেম্বর মাসে, DEC অ্যাডভান্সড ক্লিন কার II বিধিমালা গ্রহণ করার কথা ঘোষণা করেছিল যা শূন্য-নির্গমন সম্পন্ন গাড়ির বিক্রি ত্বরান্বিত করতে, 2035 সালের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে বিক্রি হওয়া সব নতুন যাত্রীবাহী গাড়ি এবং লাইট-ডিউটি ট্রাকগুলোর জন্য শূন্য-নির্গমন সম্পন্ন হওয়া আবশ্যক করেছে, যার ফলে স্টেটব্যাপী বায়ুর মান উন্নত হবে, বিশেষ করে পরিবহনের সাথে সম্পর্কিত দূষণ দ্বারা বৈষম্যমূলকভাবে প্রভাবিত কমিউনিটিগুলোতে। এই বিধিমালায় প্রতি বছর বিক্রি হওয়া নতুন লাইট-ডিউটি যানবাহনের শূন্য-নির্গমন সম্পন্ন যানবাহন (ZEV) হওয়ার শতকরা পরিমাণ ক্রমশ বৃদ্ধি পাওয়া আবশ্যক করেছে, যা মডেল বর্ষ 2026-এ ZEV বিক্রি 35 শতাংশ হওয়া থেকে শুরু করে 2035 সালের মধ্যে ZEV বিক্রি 100 শতাংশে পৌঁছানো আবশ্যক করেছে।

অ্যাডভান্সড ক্লিন কার II গ্রহণ করা ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) স্কোপিং প্ল্যানের সুপারিশগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে এবং জলবায়ু আইন অনুযায়ী আবশ্যক গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনা অর্জন করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, যার মধ্যে 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের স্তর থেকে 85 শতাংশ কমিয়ে আনা অন্তর্ভুক্ত রয়েছে। 19 ডিসেম্বর, নিউ ইয়র্ক স্টেটের ক্লাইমেট অ্যাকশন কাউন্সিল স্কোপিং প্ল্যানটি গ্রহণ করেছে, যেটি জলবায়ু আইনের লক্ষ্য ও আবশ্যিকতাসমূহ পূরণের সাহায্য করার জন্য সুপারিশকৃত নীতিমালা ও কার্যাবলীর রূপরেখা তুলে ধরেছে। এই পরিকল্পনা তিন বছরেরও বেশি সময় ধরে সহযোগিতার ফলাফল, যার মধ্যে 2019 সালে জলবায়ু আইন প্রণীত হওয়ার পর থেকে কাউন্সিলের অ্যাডভাইজরি প্যানেল এবং ওয়ার্কিং গ্রুপগুলোর অবদান অন্তর্ভুক্ত রয়েছে।

আজ ঘোষণা করা ZEV অনুদানগুলোর তহবিল প্রদান করেছে স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিল। 2022-23 অর্থবছরের স্টেট বাজেটে পরিবেশ বিষয়ক অনেকগুলো জয়ের মধ্যে, EPF-কে 400 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করা হয়েছে, যা এই কর্মসূচির ইতিহাসে তহবিলের সর্বোচ্চ পরিমাণ। EPF জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজনের প্রচেষ্টাগুলোতে সহায়তা করে, টেকসই কৃষির প্রসারের জন্য কৃষি সম্পদের উন্নয়ন করে, আমাদের পানির উৎসগুলো সংরক্ষণ করে, সংরক্ষণের প্রচেষ্টাগুলো এগিয়ে নেয়, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা প্রদান করে।

## নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি ও জ্বালানি দক্ষতা সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দির মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418